**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-11-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ভারতের ৭৫তম সংবিধান দিবস আজ সারা দেশে যথাযথ মর্যাদায় উদযাপন করা হয়।**

**(২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারতীয় সংবিধান একটি প্রাণবন্ত ও প্রগতিশীল দলিল।**

**(৩) কেন্দ্রীয় সরকার ত্রিপুরা সহ ১৫টি রাজ্যের দুর্যোগ মোকাবেলা এবং প্রতিরোধ সক্ষমতা বৃদ্ধি প্রকল্পে ১ হাজার ১১৫ কোটি ৬৭ লক্ষ টাকা অনুমোদন দিয়েছে ।**

**(৪) মৎস্যমন্ত্রী সুধাংশু দাস প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার সুবিধা নিয়ে বেকার যুবক-যুবতীদের আত্মনির্ভর হবার আবেদন জানিয়েছেন ।**

**(৫) আগরতলা স্থল বন্দরে আজ থেকে নতুন ধরনের সফটওয়্যার প্রযুক্তি ল্যান্ডপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার শুরু হয়েছে ।**

**********************************************

**Constitution Day-National :**

ভারতের ৭৫তম সংবিধান দিবস আজ সারা দেশে যথাযথ মর্যাদায় উদযাপন করা হয়। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সম্বিধান সদনে সংবিধান দিবস অনুষ্ঠানে ভাষণ দেন। তিনি বলেন, ভারতীয় সংবিধান একটি প্রাণবন্ত ও প্রগতিশীল দলিল। সংবিধান অনুযায়ী সাধারণ মানুষের জীবনকে স্বাচ্ছন্দ্যময় করতে নির্বাহী, আইনসভা

ও বিচার বিভাগের দায়িত্ব একসঙ্গে কাজ করা। সংবিধানের মাধ্যমে আমরা সামাজিক ন্যায়বিচার এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের লক্ষ্য অর্জন করেছি। তিনি বলেন, "বিগত কয়েক বছরে সমাজের সমস্ত শ্রেণীর, বিশেষ করে দুর্বল শ্রেণীর কল্যাণে বেশ কিছু পদক্ষেপ নিয়েছে সরকার। দরিদ্ররা তাদের নিজস্ব ঘর পাচ্ছে এবং বিশ্বমানের পরিকাঠামো গড়ে উঠছে দেশে।'' রাষ্ট্রপতি আরও বলেন,

###########Byte#########

রাষ্ট্রপতি এই অনুষ্ঠানে ভারতীয় সংবিধান সম্পর্কিত দু'টি বই প্রকাশ করেছেন। তাছাড়া সংবিধানের ৭৫ বছর পূর্তি উপলক্ষে একটি স্মারক মুদ্রা প্রকাশ করেছেন তিনি।

এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় ভারতীয় সংবিধান কার্যকরভাবে গণতন্ত্রকে সুরক্ষিত করেছে। এই গুরুত্বপূর্ণ দিনটি একটি ঐতিহাসিক মাইলফলক চিহ্নিত করে, যা বিশ্বের বৃহত্তম এবং সবচেয়ে গতিশীল গণতন্ত্রের জন্য একটি উল্লেখযোগ্য অর্জন। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লাও অনুষ্ঠানে বক্তব্য রাখেন। এ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, কেন্দ্রীয় মন্ত্রীগণ এবং লোকসভা ও রাজ্যসভার সাংসদগণ উপস্থিত ছিলেন।

****************************

**Constitution Day-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভারতীয় সংবিধান দিবসের ৭৫তম বার্ষিকী উপলক্ষে সমস্ত নাগরিককে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন যে সংবিধান জাতির পথপ্রদর্শক আলো। প্রধানমন্ত্রী বলেন, ভারতীয় সংবিধান একটি দেশের হাজার বছরের মহান ঐতিহ্যের আধুনিক অভিব্যক্তি।

**************************

**Constitution Day-Tripura :**

রাজ্যেও আজ নানা কর্মসূচির মধ্য দিয়ে সংবিধান দিবস পালন করা হয়। সকালে উমাকান্ত একাডেমি প্রাঙ্গণ থেকে এক পদযাত্রা আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। উজ্জয়ন্ত প্রাসাদ সংলগ্ন ডঃ বি আর আম্বেদকরের মর্মরমূর্তির সামনে সংবিধানের প্রস্তাবনা পাঠের মধ্য দিয়ে পদযাত্রা শেষ হয়। সকাল ১১টায় রাজ্যের স্কুল, কলেজ, সহ রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে সংবিধানের প্রস্তাবনা পাঠ করা হয়। উল্লেখ্য, এবছর ভারতের সংবিধান গৃহীত হওয়ার ৭৫তম বছর উপলক্ষ্যে রাজ্যেও সারা বছর ব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এর জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে রাজ্য সরকারকে নির্দেশিকা দেওয়া হয়েছে। আগামী ৩০ নভেম্বরের মধ্যে রাজ্যের বিভিন্ন দপ্তর সংবিধান দিবস পালনে তাদের নিজস্ব কর্মসূচি প্রস্তুত করে রাজ্য আইন দপ্তরের কাছে পাঠাবে।

*************************

**Constitution Day-Congress :**

সংবিধান দিবস উপলক্ষে আজ আগরতলার স্টুডেন্ট হেলথ হোমে প্রদেশ কংগ্রেসের উদ্যোগে এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় সংবিধান দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, কংগ্রেসের ত্রিপুরার দায়িত্বপ্রাপ্ত পর্যবেক্ষক ক্রিস্টোফার তিলক, বিধায়ক বীরজিৎ সিনহা, সুদীপ রায় বর্মন, অধ্যাপিকা চন্দ্রিকা বসু মজুমদার। এই সভায় বিধায়ক শ্রী বর্মন প্রদেশ কংগ্রেসের উদ্যোগে সারা রাজ্যে ৬০ দিনব্যাপী সংবিধান রক্ষা অভিযান কর্মসূচি ঘোষণা করেন।

*************************

**Constitution Day-Secretariat :**

সচিবালয়েও আজ সংবিধান দিবস পালন করা হয়। এ উপলক্ষে বিধানসভার সম্মুখে ড. বি আর আম্বেদকরের মর্মর মূর্তির

পাদদেশে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মুখ্যসচিব জে কে সিনহা সহ অন্যান্য উচ্চ পদস্থ আধিকারিক ও সচিবালয়ের বিভিন্নস্তরের কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে মুখ্যসচিব শ্রী সিনহা সহ অন্যান্য অতিথিগণ ভারতের সংবিধান প্রণেতা ড. বি আর আম্বেদকরের মর্মর মূর্তিতে পুষ্পাঞ্জলী প্রদানের মাধ্যমে শ্রদ্ধা জানান। অনুষ্ঠানে মুখ্যসচিব সংবিধানের প্রস্তাবনা পাঠ করান।

****************************

**State Level Youth parliamentarian Competition :**

ভারতীয় সংবিধান গ্রহণের ৭৫ বছর পূর্তি উপলক্ষে আজ আগরতলার মহারাণী তুলসীবতী বালিকা বিদ্যালয়ে রাজ্যভিত্তিক যুব সংসদ প্রতিযোগিতা আয়োজিত হয়। বিদ্যালয় শিক্ষা অধিকর্তা এন সি শর্মা সংবিধান দিবসের শপথ গ্রহণ ও ভারতীয় সংবিধানের প্রস্তাবনা পাঠের মধ্য দিয়ে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। প্রতিযোগিতার উদ্বোধন করে তিনি বলেন, আমাদের দেশের সংবিধান একটি পবিত্র গ্রন্থ ও গণতান্ত্রিক মূল্যবোধের মূল ভিত্তি। অনুষ্ঠানে রাজ্যভিত্তিক এই যুব সংসদ প্রতিযোগিতায় পশ্চিম ত্রিপুরা, সিপাহীজলা, খোয়াই ও গোমতী এই চারটি জেলার ৯৩টি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় থেকে ৯৩ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় প্রথম হয় পশ্চিম ত্রিপুরা জেলা, দ্বিতীয় গোমতী জেলা এবং তৃতীয় স্থান লাভ করে খোয়াই জেলা।

***************************

**Constitution Day-Governor :**

রাজভবনেও আজ সংবিধান দিবস উদযাপন করা হয়েছে। অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ভবনের আধিকারিক, কর্মচারী, নিরাপত্তা বাহিনীর সদস্যদের সংবিধানের প্রস্তাবনা পাঠ করান।

সংবিধান দিবস উপলক্ষ্যে আকাশবাণী আগরতলা কেন্দ্রের আঞ্চলিক সংবাদ বিভাগের আধিকারিক এবং কর্মীরাও আজ সংবিধানের প্রস্তাবনা পাঠ করেন।

*****************************

**Disaster Management :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের নেতৃত্বে একটি উচ্চ পর্যায়ের কমিটি আজ ত্রিপুরা সহ বিভিন্ন রাজ্যের দুর্যোগ মোকাবেলা এবং প্রতিরোধ সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের জন্য ১ হাজার ১১৫ কোটি ৬৭ লক্ষ টাকা অনুমোদন দিয়েছে। এর মধ্যে উত্তর-পূর্বাঞ্চলের আটটি রাজ্যের জন্য ৩৭৮ কোটি টাকা অনুমোদন দেওয়া হয়েছে।

*************************

**PM Matsya Samapada Yojana-Sepahijala :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার সুবিধা নিয়ে বেকার যুবক-যুবতীদের আত্মনির্ভর হবার আবেদন জানিয়েছেন। আজ সিপাহীজলা জেলার মধুপুরে একটি মৎস্যখাদ্য উৎপাদন কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এই আবেদন রাখেন। তিনি বলেন এই যোজনায় মহিলা সহ তপশিলী জাতি ও তপশিলী উপজাতি অংশের উদ্যোগীদের ৬০ শতাংশ এবং সাধারণ উদ্যোগীরা ৪০ শতাংশ আর্থিক ভর্তুকি দেবার সংস্থান রয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক অন্তরা সরকার দেব, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত প্রমুখ। কেন্দ্রীয় সরকারের উল্লেখিত যোজনার আর্থিক সুবিধা পেয়ে ৩০ লক্ষ টাকা ব্যয়ে নিজ বাড়িতেই এই মৎস্য খাদ্য উৎপাদন কেন্দ্রটি গড়ে তুলেছেন পার্থ দেববর্মা নামে এক সুবিধাভোগী।

***************************

**ASHA Award :**

কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে আশাকর্মী ও আশা ফেসিলেটরদের মধ্যে শ্রেষ্টত্বের নিরিখে পুরষ্কার বিতরণী অনুষ্ঠান হয়। এই কর্মসূচির উদ্বোধন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। তিনি বলেন, শহর-গ্রাম সর্বত্রই জনগণের বিশেষ করে মা ও শিশুদের স্বাস্থ্যরক্ষায় আশাকর্মীরা বিশ্বাস ও ভরসার স্থল। আশাকর্মীরা অক্লান্তভাবে তাদের উপর ন্যস্ত দায়িত্ব পালন করছেন। বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার C.M.O ডাঃ শীর্ষেন্দু চাকমা, আশা নোডাল অফিসার ডাঃ অয়ন রায় প্রমুখ। এখানে পাঁচজন আশাকর্মী ও তিনজন আশা ফেসিলেটর পুরষ্কৃত হন। তাদেরকে শংসাপত্র, অর্থরাশির চেক এবং স্মারক উপহার প্রদান করা হয়।

***************************

**Drama :**

রাষ্ট্রীয় নাট্য বিদ্যালয় রাজ্য শাখার উদ্যোগে আজ আগরতলার টাউন হলে 'তিতর বিতর' নামাঙ্কিত নাটক মঞ্চস্থ করা হয়। নাটকটির পরিচালনায় ছিলেন রাষ্ট্র নাট্য বিদ্যালয়ের অধিকর্তা বিপ্লব বরকাকুতি। এই নাট্যাবিদ্যালয়ের ১১তম ব্যাচের শিক্ষার্থীরা এই নাটকটি মঞ্চস্থ করে। ১ ঘন্টা ২০ মিনিটের এই নাটকে তুলে ধরা হয়েছে বাল্য থেকে বৃদ্ধ বয়স পর্যন্ত সমাজের কিছু গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতিচ্ছবি। শহরের বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীও শিক্ষক-শিক্ষিকারা নাটকটি উপভোগ করেন।

**************************

**BSF-ADG :**

বিএসএফের ইস্টার্ন কমান্ডের অতিরিক্ত মহানির্দেশক রবি গান্ধী আজ রইস্যাবাড়িতে সীমান্ত এলাকা পরিদর্শন করেন। বিএসএফের ত্রিপুরা ফ্রন্টিয়ারে আইজি প্যাটেল পীযূষ পুরুষোত্তম অতিরিক্ত মহানির্দেশক শ্রী গান্ধীকে সীমান্ত এলাকার পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন।

*************************

**Land Port-Agartala :**

আগরতলা স্থল বন্দরে আজ থেকে নতুন ধরনের সফটওয়্যার প্রযুক্তি ল্যান্ডপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম বা এল পি এম এস-র ব্যবহার শুরু হয়েছে। আগরতলা আই সি পি প্রাঙ্গণে আজ বিকেলে এক অনুষ্ঠানে ভারতের স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান আদিত্য মিশ্র এই নয়া পদ্ধতির সূচনা করেন। এই নতুন প্রযুক্তির সাহায্যে স্থলবন্দরে পণ্যবাহী লরিগুলোকে সহজেই চিহ্নিত করা যাবে, লরির চালককে সনাক্ত করা সহজ হবে। শ্রী মিশ্র বলেন, ভবিষ্যতে যাত্রী পারাপারের ক্ষেত্রেও এই পদ্ধতি প্রয়োগ করা হবে। তাছাড়া এই ধরনের পদ্ধতিতে যাত্রী ও পণ্য চলাচলে সারা দেশেই তথ্য আদান প্রদানও সহজ হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ভারতের স্থল বন্দর কর্তৃপক্ষের সচিব বিবেক ভার্মা, ডিরেক্টর ফিনান্স রেখা রাইকার। স্থল বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান আদিত্য মিশ্র সবুজ পতাকা নেড়ে এল পি এম এস পদ্ধতিতে পণ্যবাহী লরি চলাচলের সূচনা করেন।

***********************

**Land Port-Sabroom :**

ল্যান্ড পোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার চেয়ারম্যান আদিত্য মিশ্র আজ সাব্রুমের  মৈত্রী সেতু সংলগ্ন ইন্টিগ্রেটেড চেকপোষ্ট পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি চেকপোস্টের কাজকর্মের অগ্রগতি তদারকি করেন। তিনি বিল্ডিং ও  ব্রিজ: ট্রেড অ্যান্ড কানেক্টিভিটি থ্রু ল্যান্ড পোর্ট সাব্রুম" - শীর্ষক একটি সম্মেলনেও বক্তব্য রাখেন। শ্রী মিশ্র বলেন বহু আগেই সাব্রুম স্থলবন্দরের  কাজ শেষ হয়েছে, উদ্বোধনও হয়ে গেছে। এ বছরের আগস্ট মাসে দুই দেশের মধ্যে কথাবার্তার মাধ্যমে যাত্রী পারাপারের সিদ্ধান্ত নেওয়া হয়েছিলো। বাংলাদেশের বর্তমান আভ্যন্তরীন পরিস্থিতির কারনে যাত্রী পারাপারের সিদ্ধান্ত কার্যকর

করা যায়নি। কবে নাগাদ যাত্রী পারাপার শুরু হবে এই বিষয়েও ভবিষ্যতে বাংলাদেশের সঙ্গে আলোচনা হবে। তিনি আরো বলেন, তিনি সাব্রুম স্থলবন্দরটি বিশেষ গুরুত্ব রয়েছে। যাত্রী পারাপার শুরু হলে বাংলাদেশের বিশেষ করে চট্টগ্রামের সঙ্গে যোগাযোগ অনেক সহজ হয়ে যাবে। সম্মেলনে বিএসএফ'র ইস্টার্ন কমান্ডের অতিরিক্ত মহানির্দেশক রবি গান্ধী, কাস্টমস অ্যান্ড ইনডাইরেক্ট ট্যাক্সেস গুয়াহাটির চিফ কমিশনার শৈলেন্দ্র কুমার সিনহা, ল্যান্ড পোর্ট অথরিটি অফ ইন্ডিয়া আগরতলার ম্যানেজার দেবাশীষ নন্দী প্রমুখ উপস্থিত ছিলেন।

*************************

**AG's Purbanchal Carrom :**

এজি'র পূর্বাঞ্চল ক্যারাম প্রতিযোগিতায় আসাম এজি চ্যাম্পিয়ন হয়েছে। আসরে পশ্চিমবঙ্গ 'এ' এজি দল রানার্স এবং ত্রিপুরা এজি তৃতীয় হয়েছে। আসরে পুরুষদের ভেটারেন্স বিভাগে ত্রিপুরা পিএজি'র দেবাশীষ চক্রবর্তী চ্যাম্পিয়ন হয়েছেন। অনুষ্ঠানে পিএজি ত্রিপুরার একাউন্টেন্ট জেনারেল রনেন্দু সরকার, সিনিয়র ডিএজি কাভ্যদীপ যোশী, সিনিয়র এডিজি তনুশ্রী বিশ্বাস ক্রীড়া সাংবাদিক সরযূ চক্রবর্তী উপস্থিত ছিলেন। আগামী ২৮শে নভেম্বর থেকে তিনদিন ব্যাপী এজি'র ইন্টার জোন ক্যারাম প্রতিযোগিতাও আগরতলায় হবে।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬.২ ডিগ্রি সেলসিয়াস।

*******************************